



বিজ্ঞান জাদুঘরে ৯ বছর বয়সী বালকের মহাকাশ বিষয়ে বিস্ময়কর বক্তৃতা

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে 'সৌরজগতের রহস্য' শীর্ষক এক বিশেষ বিজ্ঞান বক্তৃতার আয়োজন করা হয়। এ বিজ্ঞান বক্তৃতায় উপস্থাপক ছিলেন খুদে শিক্ষার্থী রাশিদ আহমেদ নাজমুস সউদ। ৯ বছর বয়সী সউদ কুমিল্লার ময়নামতি ইংলিশ স্কুল অ্যান্ড কলেজের ৪র্থ শ্রেণির শিক্ষার্থী। মহাকাশ বিজ্ঞানে অপর কৌতূহলী নাজমুস সউদ ইতোমধ্যে নাসা'র জুনিয়র পাইলট প্রোগ্রাম কোর্স সম্পন্ন করেছে। নিজের স্কুলের পড়াশোনার পাশাপাশি বর্তমানে সে মহাকাশ বিজ্ঞানের ওপর কৌতূহলী হয়ে জ্ঞানার্জন করেছে। তার বক্তৃতা শুনে বিস্ময়াভিভূত হয় ঢাকার শহিদ লে. সেলিম শিক্ষালয়ের প্রায় শতাধিক শিক্ষক-শিক্ষার্থী। বিজ্ঞান বক্তৃতায় বালক সউদ সৌরজগতের নানা বিষয়ে জ্ঞানগর্ভ বক্তৃতা প্রদান করে। সৌরজগতের বিভিন্ন গ্রহ-নক্ষত্র নিয়ে তার জ্ঞান প্রশংসনীয়। সউদের মনোমুগ্ধকর বক্তৃতা ও বিস্ময়কর প্রতিভা সম্পর্কে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, 'বিজ্ঞান জাদুঘর বিজ্ঞান চর্চা ও গবেষণায় খুদে ও তরুণ শিক্ষার্থীদের অব্যাহত প্রেরণা দিয়ে যাচ্ছে। মহান স্রষ্টার সৃষ্টি জগতের অপর বৈচিত্র্য অনুসন্ধানের লক্ষ্যে তরুণ প্রজন্মকে বিজ্ঞান চর্চায় গভীরভাবে আত্মনিয়োগ করতে হবে। বিজ্ঞানের বিপুল অজানা অধ্যায় উপলব্ধির ক্ষেত্রে মহাগ্রন্থ আল-কুরআন একটি দিকনির্দেশনা হিসাবে কাজ করতে পারে।' সংবাদ বিজ্ঞপ্তি।

Monday, January 22, 2024

NEWAGE

Young speaker mesmerises NMST audience

Staff Correspondent | Published: 23:39, Jan 21,2024



A special science lecture titled ‘Mysteries of the Solar System’ was organised on Sunday at the National Museum of Science and Technology.

The presenter in this science lecture was Rashid Ahmed Najmus Saud, 9, a Class IV student of Mainamati English School and College, Cumilla. Nazmus Saud, who is extremely curious about space science, has already completed the NASA Junior Pilot Programme course, said a press release. About one hundred students and teachers of Shahid Lieutenant Salim School of Dhaka were mesmerised by his speech. His knowledge of various planets and stars of the solar system was commendable.

Mohammad Munir Chowdhury, director general of National Museum of Science and Technology, said, ‘Science museum continues to inspire young students in science practice and research. Parents and teachers have an important responsibility to keep children engaged in learning to protect them from mobile addiction.’

‘In order to explore the immense diversity of the creation of the great Creator, the young generation should engage deeply in science. Al-Qur’an can serve as a guide in understanding the vast unknowns of science,’ he also said.